# ২০২৬

# বাংলা

## [এ্যাবিলিটি এনহ্যান্সমেন্ট কোর্স (AEC)(MIL)]

## (এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

## চতুর্থ সেমেস্টার

## কোর্স কোড : BNG-AEC(MIL)-T-2

(ধ্বনি ও ধ্বনি পরিবর্তন, সন্ধি, প্রত্যয়, পদ ও পদ পরিবর্তন, কারক ও বিভক্তি, সমাস, ক্রিয়ার কাল, বাক্য ও বাচ্য, শব্দার্থ পরিবর্তন, শব্দভাণ্ডার)

**[NEP-2020]**

## SET–II / 2nd HALF

পূর্ণমান : ৪০ সময় : ১ ঘন্টা ৩০ মিনিট

### নির্দেশাবলী

- প্রত্যেক পরীক্ষার্থীকে একটি প্রশ্নোত্তর সম্বলিত পুস্তিকা দেওয়া হবে।
- এই পুস্তিকাটিতে ২৫টি বহু বিকল্পভিত্তিক প্রশ্ন থাকবে। প্রতিটির মান ২। পরীক্ষার্থীকে কুড়িটি (২০) প্রশ্নের বিকল্প উত্তরটির পাশে নির্দিষ্ট স্থানে টিক (√) চিহ্ন দ্বারা উত্তর দিতে হবে।
- পরীক্ষার্থী অবশ্যই তার রেজিস্ট্রেশন নম্বর, বর্ষ ও রোল নম্বর প্রদত্ত স্থানে লিখবে।
- নির্দিষ্ট স্থান ছাড়া উত্তরপত্রে আর কোন রকম দাগ না দেওয়াই বাঞ্ছনীয়।
- পরীক্ষার শেষে প্রশ্নোত্তর পুস্তিকাটি অবশ্যই পরিদর্শকের নিকট জমা করবে।

রেজিস্ট্রেশন নম্বর [ ] বর্ষ [ ]

রোল নম্বর [ ]

পরিদর্শকের স্বাক্ষর [ ]

[পরের পাতায়]

সঠিক বিকল্পটি নির্বাচন করে পাশে নির্দিষ্ট বক্সে টিক (√) চিহ্ন দিয়ে যে-কোনো কুড়িটি (২০) প্রশ্নের উত্তর দাও: ২×২০=৪০

১। গঠনগত দিক থেকে বাক্য কয় প্রকার?

ক) দুই ☐

খ) তিন ☐

গ) চার ☐

ঘ) পাঁচ ☐

২। 'লোকটি হয়তো ডাক্তার' — এটি কোন প্রকার বাক্য?

ক) প্রার্থনাসূচক ☐

খ) প্রশ্নবাচক ☐

গ) আবেগসূচক ☐

ঘ) সন্দেহবাচক ☐

৩। '<u>রাজায় রাজায়</u> যুদ্ধ হয়' — রেখাঙ্কিত শব্দের কর্তা কোন প্রকৃতির কর্তা?

ক) সহযোগী কর্তা ☐

খ) সমধাতুজ কর্তা ☐

গ) ব্যতিহার কর্তা ☐

ঘ) উহ্য কর্তা ☐

৪। 'সে <u>আমারে</u> গৃহ করে দান' — রেখাঙ্কিত শব্দটি কোন কারক?

ক) নিমিত্তকারক ☐

খ) কর্মকারক ☐

গ) করণ কারক ☐

ঘ) অপাদান কারক ☐

৫। 'ওহে', 'ওলো' — এই শব্দগুলি কোন প্রকার শব্দ?

ক) সম্বন্ধবাচক ☐

খ) সম্বোধনবাচক ☐

গ) করণবাচক ☐

ঘ) অপাদানবাচক ☐

[পরের পাতায়]

৬। 'গতি' শব্দের প্রত্যয় নির্ণয় করো।

ক) গম্ + তি ☐

খ) গম্ + ক্তি ☐

গ) গম্ + ত + ই ☐

ঘ) গ + তি ☐

৭। কোন্‌টি ধ্বন্যাত্মক শব্দ?

ক) শন্‌শন্ ☐

খ) মোটাসোটা ☐

গ) নেড়েচেড়ে ☐

ঘ) লুচিফুচি ☐

৮। মাইক্রোফোন > মাইক — এটি কোন প্রকার শব্দ?

ক) মুণ্ডমাল ☐

খ) খণ্ডিত ☐

গ) জোড়কলম ☐

ঘ) নবগঠিত ☐

৯। 'অগ্রজ' শব্দের সমাস নির্ণয় করো।

ক) সম্বন্ধ তৎপুরুষ ☐

খ) উপমিত কর্মধারয় ☐

গ) উপপদ তৎপুরুষ ☐

ঘ) কর্ম তৎপুরুষ ☐

১০। 'হরতন' শব্দটির উৎস —

ক) আরবি ☐

খ) ফারসি ☐

গ) হিন্দী ☐

ঘ) ওলন্দাজ ☐

১১। দেশি > দিশি — কোন রীতির ধ্বনি পরিবর্তন?

ক) ব্যঞ্জনসঙ্গতি ☐

খ) স্বরসঙ্গতি ☐

গ) আদি স্বরাগম ☐

ঘ) অপিনিহিতি ☐

১২। 'সমীভবন' প্রক্রিয়ার অপর নাম —

ক) স্বরসঙ্গতি ☐

খ) ব্যঞ্জনসঙ্গতি ☐

গ) বর্ণ বিপর্যয় ☐

ঘ) অল্পপ্রাণীভবন ☐

১৩। 'হেডপণ্ডিত' শব্দে কোন কোন শব্দের মিশ্রণ আছে?

ক) বিদেশি ও দেশি ☐

খ) বিদেশি ও তদ্ভব ☐

গ) তৎসম ও তদ্ভব ☐

ঘ) তৎসম ও দেশি ☐

১৪। নীল কণ্ঠ যার > নীলকণ্ঠ — কোন সমাস?

ক) কর্মধারয় ☐

খ) তৎপুরুষ ☐

গ) বহুব্রীহি ☐

ঘ) অব্যয়ীভাব ☐

১৫। 'খাদ্যের দাবীতে মিছিল' > খাদ্য মিছিল — কোন্ সমাস?

ক) অলুকদ্বন্দ্ব ☐

খ) বাক্যাশ্রয়ী ☐

গ) দ্বন্দ্ব ☐

ঘ) নিমিত্ত তৎপুরুষ ☐

১৬। 'গঙ্গা > গাঙ' — কোন ধারার দৃষ্টান্ত?

ক) অর্থসংকোচ ☐

খ) অর্থপ্রসার ☐

গ) অর্থ অবনতি ☐

ঘ) অর্থসংক্রম ☐

১৭। কোন শব্দটি অর্থসংকোচের দৃষ্টান্ত?

ক) মন্দির ☐

খ) ঝি ☐

গ) প্রদীপ ☐

ঘ) কলম ☐

১৮। 'শিরোপরি' শব্দের সন্ধি বিচ্ছেদ করো —

ক) শিরা + পরি ☐

খ) শির + পরি ☐

গ) শিরঃ + উপরি ☐

ঘ) শির + ওপরি ☐

১৯। কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধির দৃষ্টান্ত?

ক) বৃহস্পতি ☐

খ) তিলেক ☐

গ) খানিক ☐

ঘ) দশেক ☐

২০। প্রত্যয় নির্ণয় করো ঃ 'সাহিত্যিক'

ক) সাহিত্য + ইক ☐

খ) সাহিত্য + ষ্ণিক ☐

গ) সাহিত্য + ঈক ☐

ঘ) সহিত + ষ্ণিক ☐

২১। এককথায় শব্দ হলো —

ক) ধ্বনি ☐

খ) অর্থযুক্ত বাগ্‌ধ্বনি ☐

গ) বাক্যাংশ ☐

ঘ) পদ ☐

২২। ক্রিয়ার রূপের পরিবর্তনই হলো —

ক) বাক্য ☐

খ) পদ ☐

গ) ক্রিয়ার কাল ☐

ঘ) বাচ্য ☐

২৩। 'যৌগিক শব্দ' এর অপর নাম হলো —

ক) সিদ্ধ শব্দ ☐

খ) মিশ্র শব্দ ☐

গ) সাধিত শব্দ ☐

ঘ) সংকর শব্দ ☐

২৪। কারক-নির্ণয় করো — পবিত্র একটি কলম দিল।

ক) করণ কারক ☐

খ) কর্ম কারক ☐

গ) কর্তৃকারক ☐

ঘ) অপাদান কারক ☐

২৫। 'রাত্রি' শব্দটি হলো একটি —

ক) অর্ধতৎসম শব্দ ☐

খ) তৎসম শব্দ ☐

গ) বিদেশি শব্দ ☐

ঘ) দেশি শব্দ ☐